# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 21.04.2024 Time: 07.50 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) দ্বিতীয় দফার লোকসভা ভোটের আগে আজ শেষ রবিবার প্রচার ছিল তুঙ্গে।

প্রবীণ বিজেপি নেতা, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এবং তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ও দলের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জীর মধ্যে সি এ এ নিয়ে চলে চাপানউতোর ।

দার্জিলিং-এ খারাপ আবহাওয়ার জন্য অমিত শাহ্-র হেলিকপ্টার নামতে পারেনি। তবে, তাঁর বার্তা জনসমক্ষে বাজিয়ে শোনানো হয়।

২) এবারের লোকসভা নির্বাচনে বাম-কংগ্রেস আসন সমঝোতা সম্পূর্ণ হয়েছে বলে বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু ও প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী জানিয়েছেন।

৩) মুখ্যমন্ত্রী সম্পর্কে অবমাননাকর মন্তব্যের অভিযোগে গড়িয়াহাট থানায় বিজেপি-র আইটি সেলের প্রধান অমিত মালব্য-র বিরুদ্ধে এফ আই আর দায়ের করেছেন মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য।

৪) দক্ষিণবঙ্গে আগামী বৃহস্পতিবার পর্যন্ত তাপপ্রবাহ চলবে বলে জানিয়েছে আবহাওয়া দফতর ।

৫) ইডেনে আজ আইপিএলের উত্তেজনাপূর্ণ ম্যাচে কলকাতা নাইট রাইডার্স রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুকে ১ রানে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooooooooo

দ্বিতীয় দফার লোকসভা ভোটের আগে আজ শেষ রবিবার প্রচার ছিল তুঙ্গে।

এই দফায় ২৬-শে এপ্রিল ভোট নেওয়া হবে এরাজ্যের দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট আসনে। তৃতীয় দফায় ৭-ই মে ভোটগ্রহণ। মালদা উত্তর ও দক্ষিণ, মুর্শিদাবাদ এবং জঙ্গিপুরে।

প্রবীণ বিজেপি নেতা, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, আজ মুর্শিদাবাদের জলঙ্গির নরসিংহপুরের জনসভায় সন্দেশখালি থেকে দুর্নীতি, বিভিন্ন ইস্যুতে তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে আক্রমণের নিশানা করে বলেন, দিদির পাপের ঘড়া পূর্ণ হয়েছে। নামে মমতা থাকলেও রাজ্যের মানুষের প্রতি তাঁর কোন মমতা নেই বলেও মন্তব্য করেন তিনি।

নাগরিকত্বের প্রশ্নে মুখ্যমন্ত্রী পরিযায়ী শ্রমিকদের মধ্যে আতঙ্কের সৃষ্টি করছেন বলেও অভিযোগ করেন রাজনাথ সিং।

(বাইট – রাজনাথ)

জলঙ্গি থেকে প্রতিরক্ষামন্ত্রী যান মালদা উত্তর লোকসভা কেন্দ্রের অধীন বামনগোলা ব্লকের নালাগোলার জিতু ময়দানে। এখানেও পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলা পরিস্থিতি, মহিলাদের ওপর নির্যাতন এবং দুর্নীতির প্রশ্নে তিনি সরব হন। শ্রী সিং বলেন, বাংলায় যেকোন দুর্নীতির তদন্তে বা কাউকে গ্রেফতার করতে গেলে ইডি/সি বি আই-এর ওপর হামলা হচ্ছে। চরম দুর্নীতি হচ্ছে গরীব মানুষের ১-শো দিনের কাজ, আবাস যোজনার টাকা নিয়ে।

অন্যদিকে, দক্ষিণ দিনাজপুরের কুমারগ্রাম ও বালুরঘাটের জনসভায় তৃণমূল কংগ্রেস প্রধান মমতা ব্যানার্জী বিজেপির কড়া সমালোচনা করে বলেন, এরাজ্যে সি এ এ এবং এন আর সি তিনি কখনোই হতে দেবেন না।

(বাইট – মমতা)

নদীয়ার রানাঘাট লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থীর সমর্থনে আজ দত্তফুলিয়ায় এক জনসভায় তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জীও সি এ এ/এন আর সি প্রসঙ্গ উত্থাপন করেন।

(বাইট – অভিষেক)

বিজেপির শীর্ষ নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্-র আজ দার্জিলিং-এর জনসভায় আসার কথা থাকলেও খারাপ আবহাওয়ার দরুণ তাঁর হেলিকপ্টার লেবং-এ নামতে পারেনি। মোবাইলে অমিত শাহ্-র বার্তা মাইক্রো ফোনে বাজিয়ে শোনান, দার্জিলিং-এর বিজেপি প্রার্থী রাজু বিস্ত।

(বাইট – অমিত শাহ)

পূর্ব মেদিনীপুরের মহিষাদলে, তমলুকের দলীয় প্রার্থী অভিজিৎ গাঙ্গুলীর হয়ে প্রচার করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

এদিকে, মালদা টাউনহলে আজ বিকেলে জেলার দুটি লোকসভা কেন্দ্র নিয়ে তৃণমূল কংগ্রেসের সাংগঠনিক আলোচনাসভায় মুখ্যমন্ত্রীর ভার্চুয়ালী যোগ দেবার কথা থাকলেও তিনি সশরীরে হাজির হন। দুটি আসনেই জয়ের জন্য সবাইকে এক জোট হয়ে কাজ করতে বলেন তিনি।

উত্তর দিনাজপুরের রায়গঞ্জের বিজেপি প্রার্থী কার্তিক চন্দ্র পাল, তৃণমূল কংগ্রেস প্রার্থী কৃষ্ণ কল্যাণী এবং বাম – কংগ্রেস জোট প্রার্থী আলি ইমরান রামজ্ আজ কালিয়াগঞ্জের বিভিন্ন জায়গায় প্রচার চালান।

অন্যদিকে পূর্ব বর্ধমানের ভাতারের বেলেন্ডা গ্রামে, বর্ধমান –দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ ও যুব মোর্চার বর্ধমান বিভাগের কনভেনার সৌমেন কার্ফার ছবি দেওয়া পোস্টার, ফেস্টুন ছিঁড়ে দেওয়া হয়েছে বলে বিজেপি-র অভিযোগ। নির্বাচন কমিশনকে বিষয়টি জানানো হয়েছে।

*oooooooooooooooooooooo*

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরের বিধাননগরে বিজেপি-র দলীয় কার্যালয়ে আগুন লাগানোর অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিদের বিরুদ্ধে। দোষীদের

গ্রেফতারের দাবিতে বিজেপি আজ সন্ধ্যায় নিউ টাউনশিপ থানার পাম্প হাউস মোড়ে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখায়। প্রায় আধ ঘণ্টা পর পুলিশের হস্তক্ষেপে অবরোধ ওঠে। বিজেপি-র অভিযোগ, এর আগেও এই কার্যালয়ে আগুন ধরানো হয়েছিল, পুলিশ প্রশাসন নির্বিকার।

যদিও অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস।

*oooooooooooooooooooo*

বাম-কংগ্রেস আসন সমঝোতায় ২০১৬ ও ২১-এর বিধানসভা নির্বাচনে বামেদের ভোট কংগ্রেসের দিকে গেলেও কংগ্রেসের ভোট বামেদের দিকে আসেনি বলে রাজনৈতিক বিশ্লেষণে উঠে এসেছিল। আজ এক যৌথ সাংবাদিক বৈঠকে এবারের লোকসভা নির্বাচনে দু-দলের আসন সমঝোতার জোটের সম্ভাব্য ফল নিয়ে প্রশ্নের জবাবে  বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু বলেছেন, আগে হয়নি বলে এবারেও হবে না, এটা মনে করার কোন কারণ নেই। বাম-কংগ্রেস যৌথ সভা, মিছিল হয়েছে,হচ্ছে এবং হবে। তিনি নিজেও যৌথ প্রচারে অংশ নিয়েছেন বলে জানান বিমানবাবু।

(বাইট – বিমান)

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরীও বলেন, বামেদের সঙ্গে সমঝোতা করেই কংগ্রেস লোকসভা নির্বাচনে লড়ছে।

(বাইট – অধীর)

এদিকে, পুরুলিয়া লোকসভা আসনে প্রার্থীর নাম ঘোষণা করেছে শিবসেনা। পেশায় শিক্ষক গৌরিশ রায়কে প্রার্থীর করার কথা আজ সাংবাদিক সম্মেলনে করে জানান, দলের রাজ্য সভাপতি চন্দ্রশেখর ঝা।

*oooooooooooooooooooo*

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সম্পর্কে অবমাননাকর মন্তব্যের অভিযোগে বিজেপির আইটি সেলের প্রধান অমিত মালব্যের বিরুদ্ধে গড়িয়াহাট থানায় এফআইআর দায়ের করেছেন মহিলা তৃণমূল কংগ্রেসের রাজ্য সভানেত্রী, মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। গত শুক্রবার বিকেলে এক্স হ্যান্ডেলে বিজেপি নেতা দাবি করেছিলেন, নির্বাচনী জনসভায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সম্পর্কে আপত্তিকর মন্তব্য করেছেন মমতা। নিজের বক্তব্যের সমর্থনে একটি ভিডিয়ো ক্লিপিংও পোস্ট করেন তিনি।

এর বিরুদ্ধে এফআইআরে চন্দ্রিমা বলেছেন, মুখ্যমন্ত্রী সম্পর্কে অবমাননাকর মন্তব্য করে মহিলাদের সম্মানহানি করেছেন অমিত মালব্য। ইচ্ছাকৃতভাবে মুখ্যমন্ত্রীর ভাবমূর্তি নষ্ট করতে চাইছেন তিনি। অভিযোগপত্রে চন্দ্রিমার দাবি, মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যে অসংসদীয় এবং অশ্লীল শব্দ ব্যবহার করেছেন বলে বিজেপি নেতা যা লিখেছেন, তা সম্পূর্ণ মিথ্যা এবং মুখ্যমন্ত্রীর ভাবমূর্তি ইচ্ছাকৃতভাবে নষ্ট করার চেষ্টা।

oooooooooooooooooooo

পশ্চিম থেকে উত্তর-পশ্চিম দিকে বইতে থাকা শুষ্ক গরম বাতাসের প্রভাবে দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাই তীব্র তাপপ্রবাহের কবলে। আগামী বৃহস্পতিবার পর্যন্ত তাপপ্রবাহ একই রকম থাকার সম্ভাবনা।

আজ তাপপ্রবাহের লাল সতর্কতা রয়েছে- পশ্চিম মেদিনীপুর, পশ্চিম বর্ধমান, ঝাড়গ্রাম ও বাঁকুড়া জেলায়।

কমলা সতর্কতা জারি আছে, দুই ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, হুগলী, পুরুলিয়া, পূর্ব বর্ধমান, বীরভূম ও মুর্শিদাবাদে।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ৪০ দশমিক তিন ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের চার ডিগ্রী ওপরে। সর্বনিম্ন তাপমাত্রাও ছিল স্বাভাবিকের চেয়ে ৩ ডিগ্রী বেশি, ২৯ ডিগ্রী সেলসিয়াস।

অন্যদিকে, শনিবার পর্যন্ত হাল্কা বৃষ্টির পূর্বাভাষ রয়েছে উত্তরবঙ্গের দার্জিলিং ও কালিম্পং-এ।

oooooooooooooooooooo

মুর্শিদাবাদের রেজিনগরের ছেতিয়ানি ঘোষপাড়া প্রাথমিক বিদ্যালয়ের পেছনে গতরাতে বোমা বিস্ফোরণের ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। পর পর তিনটি বোমা ফাটে বলে স্থানীয়দের দাবি। মজুত রাখা বোমা প্রচন্ড গরমে ফেটে যায় বলে পুলিশের অনুমান। তবে, কেউ হতাহত হয়নি। আজ ঘটনাস্থল যান তদন্তকারীরা।

oooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের রানিগঞ্জের চিনকুটী সার্কাস ময়দানের অস্থায়ী হাটতলায় আজ দুপুরে বিধ্বংসী অগ্নিকান্ডে ৪৫-টির মতো দোকান পুড়ে ছাই হয়ে গেছে। দমকলের দুটি ইঞ্জিন আধ ঘণ্টার চেষ্টায় আগুন আয়ত্তে আনে। কিভাবে আগুন লাগলো তা এখনও জানা যায়নি।

অগ্নিকান্ডের খবর পেয়ে প্রাক্তন সি পি আই এম সাংসদ বংশগোপাল চৌধুরী ঘটনাস্থলে গেলে তৃণমূল কংগ্রেসের বিক্ষোভের মুখে পড়েন।

oooooooooooooooooooo

ইডেনে আজ আইপিএলের উত্তেজনাপূর্ণ ম্যাচে কলকাতা নাইট রাইডার্স রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুকে ১ রানে হারিয়ে দিয়েছে। ব্যাঙ্গালুরু টসে জিতে কলকাতাকে ব্যাট করতে পাঠায়। কলকাতা নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেটে ২২২ রান তোলে। অধিনায়ক শ্রেয়স আইয়ার ৫০, ফিল সল্ট ৪৮ রান করেন। ইয়াস দয়াল ও ক্যামেরুন গ্রিন দুটি করে উইকেট নেন। জবাবে ব্যাট করতে নেমে ব্যাঙ্গালুরু ২০ ওভারে ২২১ রানে অলআউট হয়ে যায়। উইল জ্যাকস ৫৫, রজত পাতিদার ৫২ রান করেছেন। আন্দ্রে রাসেল তিনটি উইকেট নিয়েছেন। KKR ৭ ম্যাচে ১০ পয়েন্ট নিয়ে লীগ তালিকায় দ্বিতীয় স্থানে উঠে এলো।

*OOOOOOOOOOOOOOOOOOOOOO*